

SAMPLE QUESTION PAPER

SUBJECT - BENGALI

FULL MARKS - 80

CODE - (005)

CLASS - X

SESSION - 2018 - 2019

প্রশ্নপত্রে চারটি বিভাগ আছে :

‘ক’ বিভাগ - বোধপরীক্ষণ

‘খ’ বিভাগ - নির্মিতি.

‘গ’ বিভাগ - ব্যাকরণ

‘ঘ’ বিভাগ - সাহিত্য ও সহায়ক পাঠ

The Question Paper is divided into four Sections

SECTION - A : Reading (Comprehension)

SECTION - B : Writing (Composition)

SECTION - C : Grammar

SECTION - D : Literature (Text books & Supplementary Readers)

Class - X (2018 - 19)
Subject - Bengali

সময় - ৩ ঘণ্টা

Time : 3 Hrs.

সর্বমোট অঙ্ক - ৮০

Maximum Marks - 80

Section - A (Reading Comprehension)

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : 1+1+1+1+1 = 5
- দেউড়িতে বাজল সাতটা । নীলকমল মাষ্টারের ঘড়ি ধরা সময় ছিল নিরেট ; এক মিনিটের তফাৎ হবার যো ছিল না। খটখটে রোগা শরীর, কিন্তু স্বাস্থ্য তাঁর ছাত্রেরই মতো, একদিনের জন্যেও মাথাধরার সুযোগ ঘটলো না। বই নিয়ে, স্নেট নিয়ে, যেতুম টেবিলের সামনে। কাঠের বোর্ডের উপর খড়ি দিয়ে অঙ্কের দাগ পড়তে থাকত, সবই বাংলায় - পাটীগণিত, বীজগণিত, রেখাগণিত। সাহিত্যে ‘সীতার বনবাস’ থেকে একদম চড়িয়ে দেওয়া হয়েছিল ‘মেঘনাদবধ কাব্যে।’ সঙ্গে ছিল ‘প্রাকৃত বিজ্ঞান’ । মাঝে মাঝে আসতেন সীতানাথ দত্ত, বিজ্ঞানের ভাসা ভাসা খবর পাওয়া যেত জানা জিনিস পরখ করে ফেলতো। মাঝে একবার এলেন হেরশ্ব তত্ত্বরত। লাগলুম কিছু না বুঝে ‘মুগ্ধবোধ’ মুখস্থ করে ফেলতে। এমনি করে সারা সকাল জুড়ে নানা রকম পড়ার যতই চাপ পড়ে মন ততই ভিতরে ভিতরে চুরি করে কিছু বোঝা সরাতে থাকে ; জালের মধ্যে ফাঁক করে তার ভিতর দিয়ে মুখস্থ বিদ্যে ফস্কিয়ে যেতে চায় ; আর নীলকমল মাষ্টার তাঁর ছাত্রের বুদ্ধি নিয়ে যে মত জারি করতে থাকেন তা বাইরের পাঁচজনকে ডেকে শোনাবার মত হয় না।
- a) নীলকমল মাস্টার কটার সময় পড়াতে আসতেন ?
- b) বিজ্ঞানের ভাসা ভাসা খবর কার কাছে পাওয়া যেত ?
- c) কিছু না বুঝে লেখক কী মুখস্থ করে ফেলতেন ?
- d) ছাত্রের বুদ্ধি নিয়ে নীলকমল মাস্টার কি বলতেন ?
- e) ব্যাসবাক্যসহ সমাস লেখ - নীলকমল।
2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : 1+1+1+1+1 = 5
- হুজুর আমি মন্তুর-তন্তুর কিছুই জানিনে। তবে আমার যা ছিল, তা এদের কারও ছিল না। সে জিনিস হচ্ছে চোখ । আমি অন্যের চোখের ঘোরাফেরা দেখেই বুঝতুম যে, তার হাতের লাঠি সড়কির মার কোন্ দিক থেকে আসবে। কিন্তু আমার চোখে দেখে এরা কিছুই বুঝতে পারত-না, আর মার খেত। শেষটা এরা সকলে মিলে যুক্তি করল যে, আমাকে কালীবাড়ি নিয়ে গিয়ে হাড়কাঠে ফেলে বলি দেবে। তারপর একদিন এরা রাতদুপুরে আমার বাড়ি চড়াও হয়ে, আমাকে বিছানা থেকে তুলে আষ্টেপৃষ্ঠে বেঁধে, আমাকে কালীবাড়ি নিয়ে গিয়ে হাড়কাঠে ফেলে বলি দেবার উদ্যোগ করলে। খাঁড়া ছিল ওই গুলিখোর মিন্দু সর্দারের হাতে । আমি প্রাণপণে অনেক

কান্নাকাটি করবার পর এরা বললে - “তুমি ঠাকুরের সম্মুখে দিব্যি কর যে, আর কখনও লাঠি ছোঁবে না, তা হলে তোমাকে ছেড়ে দেব। হজর নিজের প্রাণ বাঁচাবার জন্যে আমি এই দিব্যি করেছি। আর তারপর থেকে একদিনও লাঠি সড়কি ছুঁইনি” ॥

- বক্তার এমন কি ছিল যা অন্য কারো ছিল না ?
- কোথায় নিয়ে গিয়ে বক্তাকে বলি দেবার উদ্যোগ করা হয়েছিল ?
- কার হাতে ‘খাড়া’ ছিল ?
- কখন থেকে বক্তা আর লাঠি সড়কি স্পর্শ করেন নি ?
- সাধু ভাষায় লেখ : আমার চোখ দেখে এরা কিছই বুঝতে পারত না।

3. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : 1+1+1+1+1 = 5

রবীন্দ্রনাথের আশি বছর বয়স পূর্ণ হবে তখন, দেশ জুড়ে উৎসবের আয়োজন চলছে অনেক জায়গায়, আমাদের ছোট্ট স্কুলটাতেও। ইস্কুলে অবশ্য ভর্তি হইনি তখনও, কিন্তু বাবাই তার হেডমাস্টার আর পাড়ার বন্ধুরা পড়ুয়া, অবাধে তাই ঘোরাফেরা করবার একটা সুযোগ ছিল সেখানে। সাড়ম্বরে জয়ন্তী হবে বলে অনেকদিন ধরে প্রস্তুতি চলছে তার। সে প্রস্তুতির অন্যতম এক অংশ হলো নাটকের রিহাসাল, উঁচু ক্লাসের ছেলেরা মিলে অভিনয় করবে মুক্তধারা, বাবারই নির্দেশনায়। রিহাসালের নিয়মিত দর্শক হিসেবে দাঁড়িয়ে থাকতে থাকতে আমাদের মতো খুদেদেরও একটা অংশ জুটে গেল সে-নাটকে। গুরুমশায়ের তর্জনের সামনে ‘শ্রী শ্রী শ্রী’ বলা ছাত্রদের ভূমিকায় পৌঁছে গেলাম আমরা।

- স্কুলে কি উপলক্ষে উৎসবের আয়োজন হয়েছিল ?
- বক্তা কেন স্কুলের ছাত্র না হয়েও স্কুলে ঘোরাফেরা করতে পারতেন ?
- উৎসবের অন্যতম অংশ কি ছিল ?
- বক্তাকে কোন্ ভূমিকায় দেখা গেল ?
- বাক্য রচনা কর : প্রস্তুতি ।

Section - B

নির্মিত (রচনা)

Writing (Composition)

4. রাস্তাঘাটে মোবাইল ফোনের ব্যবহার মতুফাঁদে পরিণত হয়েছে - এ বিষয়ে তোমার মতামত জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ। 5

অথবা

শহরে দূষণ প্রতিরোধে গাছ-লাগানোর প্রয়োজনীয়তা জানিয়ে তোমার ভাই / বোন কে একটি চিঠি লেখ।

5. নীচের যে কোন একটি বিষয় অবলম্বনে একটি অনুচ্ছেদ রচনা কর : 5
- a) একটি ঘটনা যা তোমার জীবনে পরিবর্তন এনে দিয়েছে।
- b) সমাজ ও উৎসব প্রিয়তা
- c) টি-টোয়েন্টি বনাম ক্রিকেট ম্যাচ।

Section - C

ব্যাকরণ

(Grammar)

6. প্রয়োজন মত সন্ধি কর অথবা সন্ধি বিচ্ছেদ কর : (যে কোন পাঁচটি) $1 \times 5 = 5$
- i) দিক্ + বিজয়ী =
- ii) পৃথগ্ন
- iii) চলৎ + চিত্র
- iv) শান্তি
- v) অহঃ + অহঃ
- vi) পুরঃ + কার
- vii) রাজ্ঞী
- viii) দুরদৃষ্ট
7. ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখ : (যে কোন পাঁচটি) $1 \times 5 = 5$
- i) নিরামিষ
- ii) হিতাহিত
- iii) আশৈশব
- iv) শ্বেতপদ্ম
- v) মৌমাছি
- vi) তুষারশুভ্র
- vii) চেনাঅচেনা

8. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর : (যে কোন পাঁচটি) 1×5 = 5
- বিদ্বান হয়েও তাঁর কিছুমাত্র অহংকার নেই। (জটিল বাক্যে)
 - যেহেতু কোন পথ পেলাম না সেহেতু তোমার কাছে এসেছি। (সরল বাক্যে)
 - তিনি ভরসা দিলেও আমার বিশ্বাস হল না। (যৌগিক বাক্যে)
 - ছেলেটি মনোযোগী, তাই পরীক্ষায় ভালো ফল করল। (জটিল বাক্যে)
 - তুমি না এলে আমি যাবো। (যৌগিক বাক্যে)
 - বলাইয়ের কাঁচা হাতের লেখা যে চিঠি তা আমাকে দেখতে দিলেন। (সরল বাক্যে)
 - মহেশ তাদের বাগনে ঢুকে গাছপালা নষ্ট করেছে। (যৌগিক বাক্যে)

9. নির্দেশ অনুসারে সাধু অথবা চলিত রীতিতে পরিবর্তন কর : (পাঁচটি) 1×5 = 5
- আমার ঘড়িটা চুরি হয়ে গেছে। (সাধুভাষা)
 - পরক্ষণে বাঁশি বাজাইয়া গাড়ি ছাড়িয়া দিল। (চলিতভাষা)
 - সারাবাড়িতে শোরগোল পড়ে যাওয়ায় সে পালাল। (সাধুভাষা)
 - রামদাস চুপ করিয়া রহিল। (চলিতভাষা)
 - কথায় কথায় আলোবাবুর কথা উঠে পড়ল। (সাধুভাষা)
 - ইলিশের মরসুম ফুরাইলে বিপুলা পদ্মা কৃপণ হইয়া যায়। (চলিতভাষা)
 - ছুটি উপলক্ষ্যে অমর বাড়ি আসবার কথা জানিয়ে দিল। (সাধুভাষা)

Section - D

সাহিত্য (পাঠ্যপুস্তক ও সহায়ক গ্রন্থ)

Literature (Text book & Supplementary Reader)

10. “আশ্চর্য, কোথাও কিছু উল্টো পাল্টা নেই, অন্যরকম নেই, একেবারে নিছক মানুষ” ।
- কার লেখা, কোন্ গল্পের অংশ ?
 - কার সম্পর্কে এরূপ অনুভূতি হয়েছে বক্তার ?
 - এরূপ মনে হওয়ার কারণ কি ?
- 1+1+3 = 5

অথবা

“দয়ার সাগর। পরকে সেজে দি, নিজে খাইনে। মিথ্যেবাদী কোথাকার।”

- কে এই কথাটি বলেছেন ?

- b) বক্তা কার উদ্দেশ্যে উক্তিটি করেছেন ?
- c) উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

11. প্রসংগসহ ব্যাখ্যা লেখ :

5

“তাতে যে আমার ঢং নষ্ট হয়ে যায়”।

অথবা

“সমাজের সঙ্গে নিজেকে তিনি খাপ খাওয়াতে পারলেন না কিছুতে”

12. সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ : (যে কোন পাঁচটি) (MCQ)

- a) “এদিকে বাড়িতে তপনের নাম হয়ে গেছে” -
 - i) সাহিত্যিক
 - ii) মহাকবি
 - iii) ঔপন্যাসিক
- b) বিনুর বয়স কত ?
 - i) আটবছর
 - ii) তিনবছর
 - iii) দশবছর
- c) কে রোজ অপূর্বকে নিজের হাতের তৈরী মিষ্টান্ন খাওয়াতো ?
 - i) রামদাসের স্ত্রী
 - ii) তেওয়ারীর স্ত্রী
 - iii) পরিচিত মহিলা
- d) সন্ন্যাসী সারা বছরে শুধু একটি
 - i) সুপারি খান
 - ii) হরীতকী খান
 - iii) ফল খান
- e) অপূর্ব ট্রেনে করে কোথায় যাচ্ছিল ?
 - i) ভামো
 - ii) ম্যান্ডাল
 - iii) প্রোম

f) তপনের প্রকাশিত প্রথম গল্পের নাম কি ?

i) প্রথম আলো

ii) প্রথম দিন

iii) প্রথম দেখা

g) আলোবাবু কি বাজিয়ে গাইছিলেন ?

i) ড্রাম

ii) পিয়ানো

iii) হ্যাট

13. “সহজ করে বাঁচা কি আর খাঁচাতে সম্ভব ?”

2+3 = 5

a) কোন কবির কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ?

b) উদ্ধৃত অংশটির তাৎপর্য লেখ।

অথবা

“আমাদের ইতিহাস নেই

অথবা এমনই ইতিহাস

আমাদের চোখমুখ ঢাকা”

a) কোন কবির রচনা ? কবিতার নাম কি ?

b) কবি একথা বলেছেন কেন ?

14. প্রসংগসহ ব্যাখ্যা লেখ :

5

তোমায় নিয়ে বেড়াবে গান

নদীতে, দেশগাঁয়ে

অস্ত্র ফ্যালো, অস্ত্র রাখো গানের দুটি পায়ে

অথবা

কোরানের সুরাহর সঙ্গে

উপনিষদের মন্ত্র,

সকালে প্রভাতফেরির সঙ্গে

ভোরের আজান

একাকারে মিলিয়ে যাচ্ছে।

15. “সুভাগা দুজনের হাত ধরে সূর্যমূর্তির সম্মুখে গিয়ে ধ্যানে বসলেন।” 1+2+2 = 5

- a) দুজন বলতে কাদের বোঝানো হয়েছে ?
- b) সুভাগার সূর্যমূর্তির সামনে ধ্যানে বসার কারণ কি ?
- c) এর ফলাফল কি হয়েছিল ?

অথবা

“তখন বুড়ো মাগুলিকের দুই চক্ষু সেই সুন্দর রাজকুমারের দিকে চেয়ে আনন্দে ভেসে গেল।”

- a) সুন্দর রাজকুমার কে ?
- b) মাগুলিকের পরিচয় দাও।
- c) মাগুলিকের দুই চোখ আনন্দে ভেসে যাওয়ার কারণ কি ?

16. একটি বাক্যে উত্তর দাও : (যে কোনো ৫টি) 1×5 = 5

- a) কার হাত থেকে বাপ্পাকে রক্ষার করার জন্য মহারাণী রাজপ্রসাদ থেকে বেরিয়ে যান ?
- b) কোন রাজপ্রসাদ শূন্য করে পুষ্পবতী বিদায় নিলেন ?
- c) মাগুলিকের ভাই কত বছর পরে ফিরে এসেছিল ?
- d) কত বছর বয়সে বাপ্পা চিতোরের রাজসিংহাসনে বসেছিলেন ?
- e) বিক্ষ্যাচলের শিখরে কোন্ দেবীর মন্দির ছিল ?
- f) শিলাদিত্য প্রকাণ্ড গহুরের মুখে দাঁড়িয়ে কাকে ডেকেছিলেন ?
- g) বাপ্পাদিত্যের দুই ভীল ভাই এর নাম লেখ।